# বাংলায় ভেঙে ভেঙে

# কেম্ব্রিজ

# IELTS 16

**(Academic) Passage ব্যাখ্যা**

Recent Bazar

---

**Saifur Rahman Khan**

Managing Director,
S@ifur's.
Ex-lecturer,
IBA,
University of Dhaka.

B.Sc. Engg.(EEE, BUET);
MBA,
International University of Japan.
Monbusho Scholar.
**Top Scorer** (740 > 99%) in **GMAT**

**Edition** : **2025**
**Published by** : **S@ifur's Publications**
**Copyright** : **Saifur Rahman Khan**

[ এই বই অথবা বইয়ের কোন অংশ ফটোকপি / নকল / pdf করে বিক্রি করা আইনত: দণ্ডনীয় ]

**Distributor**

18/2, জয়চন্দ্র ঘোষ লেন (শহীদ ময়েজউদ্দিন রেড ক্রিসেন্ট হাসপাতালের সামনে)
প্যারিদাস রোড, বাংলাবাজার, ঢাকা।
মোবাইল: 01713 43 20 64/15; 01613 43 20 16

**YouTube চ্যানেল :**
www.youtube.com/saifursofficial

S@ifur's-এর বই পেতে :
01713 43 20 15; 01613 43 20 16
**(10 am 5 pm)**

English ও ক্যারিয়ার নিয়ে বইয়ের অর্ডার করতে :
www.saifursbooks.com

Recent Bazar

**ISBN Number**: 978-984-99280-5-8

**Compose & Design:**
Md. Al-Mamun Ferdous; Abdul Kuddus Shaikh

**Price: Tk. 200 (Fixed); US $ 20 only**

# Table of Contents

## Test-1


Passage # 01 : Why we need to protect polar bears ........ 001
Passage # 02 : The Step Pyramid of Djoser ........ 011
Passage # 03 : The future of work ........ 024


## Test-2


Passage # 01 : The White Horse of Uffington ........ 056
Passage # 02 : I contain multitudes ........ 066
Passage # 03 : How to make wide decisions ........ 079


## Test-3


Passage # 01 : Roman shipbuilding and navigation ........ 096
Passage # 02 : Climate change reveals ancient artefacts in Norway's glaciers ........ 106
Passage # 03 : Plant 'thermometer' triggers springtime growth by measuring night-time heat ........ 120


## Test-4


Passage # 01 : Roman tunnels ........ 136
Passage # 02 : Changes in reading habits ........ 146
Passage # 03 : Attitudes towards Artificial Intelligence ........ 161


Recent Bazar

# এই Page-টি মন দিয়ে পড়ুন

**প্রশ্ন:** কিছু কিছু শিক্ষার্থী প্রায় আমাকে ফোন করে বলেন, স্যার Cambridge **1**-নং বই থেকে **16**-নং (Latest) বই পর্যন্ত সবই পড়া হয়েছে কিন্তু এখনও Reading-এ Band **6**-এর বেশি স্কোর তুলতে পারি না, কী করবো স্যার **?**

**উত্তর:**

কেম্ব্রিজ IELTS-এর বইগুলি পড়লে Reading-এর প্রশ্নের pattern সম্পর্কে ধারণা হয়। তার মানে, হেডিং ***Matching, MCQ, Double MCQ, Yes / No / Not Given*** প্রভৃতি Question type জানা যায়। কিন্তু কেম্ব্রিজ **1-16**, *Trainer, Official Guide* এবং Nilkhet-এ IELTS নিয়ে আরো যত বই আছে - সবগুলি *complete* করেও বেশিরভাগেরই স্কোর বাড়ে না। কারণ, না বুঝে শত শত passage solve করে কোনো লাভ নেই।

সবার আগে দরকার, বড় বড় বাক্য বুঝতে শেখা।

একই ভুল যাতে বার বার না হয়, কেনো ভুল হলো সেগুলো বুঝা।

**না বুঝে ১০০-টা passage solve করার চেয়ে,**

বুঝে বুঝে ১০-টি passage solve করা অনেক বেশি উত্তম।

Reading-এ 7 পেতে হলে আপনাকে ৪০-টা প্রশ্নের মধ্যে ৩০-টা *correct* করতে হবে। তার মানে, Reading-এ সবগুলোর প্রশ্নের সঠিক উত্তর দিতে হবে, সেটা জরুরি না। ১০-টা ভুল হলেও তো সমস্যা নাই কারণ, আপনার *Target* ৩০-টা *correct* করা। অনেকেই Reading সবগুলো *correct* করতে গিয়ে সহজ প্রশ্নগুলোও ভুল করেন।

হ্যাঁ যত বেশি passage বুঝে বুঝে solve করবেন ততই আপনার Reading-এ দক্ষতা বাড়বে। আসল ব্যাপার হলো, বাসায় IELTS চর্চা করার সময় আপনার পাশে তো টিচার থাকবে না। তাই S@ifur's Cambridge (একাডেমিক) এবং (GT) বাংলা ব্যাখ্যাসহ সমাধানগুলি পড়ুন। এর ফলে আপনার ভুলগুলো আপনি নিজেই ধরতে পারবেন। কীভাবে আসল পরীক্ষাতে কম সময়ে passage-গুলো *solve* করতে হয়, সেগুলো হাতে-কলমে শিখতে পারবেন S@ifur's-এর বইগুলি পড়লে। **পরিশেষে, আপনার হাতের Cambridge 16-নং বাংলা ব্যাখ্যাসহ সমাধান বইটি ভালোভাবে আয়ত্ত করেন এবং S@ifur's-এর 11 থেকে 15 (Academic) এবং (GT)-এর বাংলায় ব্যাখ্যা করা বইগুলি মন দিয়ে পড়ুন।**

আরো বিস্তারিত জানতে

সারোয়ার স্যার - **01404 43 21 11**

(**IELTS**-এ **7.5** স্কোরপ্রাপ্ত)

Recent Bazar

# Test # 1

## Passage # 01

**Step # 1**

*pole*-সংক্রান্ত = পোঔল্ সংক্রান্ত = পোঔলার = মেরুসংক্রান্ত

Passage-এর Title-টা মন দিয়ে পড়লাম:

### Why we need to protect polar bears
**(কেনো মেরু অঞ্চলের ভাল্লুকগুলোকে আমাদের রক্ষা করা প্রয়োজন)**



**Picture: Polar bear**

**পরীক্ষার হলে ধাপে ধাপে যেভাবে solve করতে হবে, অবিকল সেইভাবে Exam-approach-এ ব্যাখ্যাগুলো লেখা। এজন্যই Step # 1, Step # 2 এইভাবে প্রতিটা পদক্ষেপ ভেঙে ভেঙে লেখা হয়েছে।**

**Step # 2**

সরাসরি প্রশ্নে যেয়ে **1-7**-এ পেলাম: **TRUE / FALSE**। এগুলোর উত্তর পর পর serially পাওয়া যায়। তাই প্রথমে এগুলো solve করবো।

**Step # 3**

**Q # 1**-এর বাক্যটা মন দিয়ে পড়লাম:

*Polar bears suffer from various health problems due to the* <u>*build-up*</u> *of fat under their skin.* (মেরু অঞ্চলের ভল্লুকরা বিভিন্ন স্বাস্থ্য সমস্যায় ভোগে তাদের চামড়ার নিচে চর্বির পরিমাণ ক্রমান্বয়ে বৃদ্ধি পাওয়ার কারণে।)

বিল্ড্-আপ্ = বিল্ড্ হতে থাকা = কোনো কিছুর পরিমাণ বৃদ্ধি পাওয়া।

Recent Bazar

{ " এটা একটা **complex** বাক্য, যেগুলো লিখলে **Writing**-এ বেশি নাম্বার পাওয়া যায় " }

## Step # 4

Passage-এ ফেরত যেয়ে শুরু থেকে প্রথম ৩/৪ লাইন মন দিয়ে পড়লাম:

*Polar bears are being increasingly threatened by the effects of climate change, ...... They are uniquely adapted to the extreme conditions of the Arctic Circle, where temperatures can reach –40°C. One reason for this is that they have up to 11 centimetres of fat underneath their skin.* (অর্থাৎ, মেরু অঞ্চলের ভল্লুকরা ক্রমবর্ধমানহারে জলবায়ু পরিবর্তনের প্রভাবগুলো দ্বারা হুমকির সম্মুখীন, ...... তারা *uniquely* অর্থাৎ, অনন্যসাধারণভাবে আর্কটিক অঞ্চলের চরম প্রতিকূল অবস্থার সঙ্গে নিজেদেরকে খাপ খাওয়াতে সক্ষম যেখানে তাপমাত্রা –৪০° সেন্টিগ্রেড পর্যন্ত পৌছতে পারে। এর একটি কারণ হলো এই যে তাদের চামড়ার নিচে ১১ সেন্টিমিটার পর্যন্ত চর্বি থাকে।)

এর পরেই পড়লাম: **অ্যাডিপৌয্ টিশ্যূ = প্রাণিদেহে যে *tissue* বা কোষসমষ্টি জমা করে রাখে** অবিইস্ = অনেক মোটা

*Humans with comparative levels of adipose tissue would be considered obese and would be likely to suffer from diabetes and heart disease. Yet the polar bear experiences no such consequences.* [অর্থাৎ, তুলনামূলক একই *level* বা মাত্রার *adipose tissue* আছে এমন মানুষদেরকে *obese* বলে বিবেচনা করা হতো এবং তাদের ডায়াবেটিস ও হার্টের অসুখে ভোগার সম্ভাবনা থাকতো। অথচ মেরু অঞ্চলের ভল্লুক এই ধরনের কোনো *consequences* তথা পরিণতির সম্মুখীন হয় না।]

তার মানে, মেরু অঞ্চলের ভল্লুকদের চামড়ার নিচে প্রচুর চর্বি জমা হওয়া সত্ত্বেও তারা ডায়াবেটিস ও *heart disease*-এর মতো বিভিন্ন স্বাস্থ্য সমস্যায় ভোগে না।

অতএব, বোঝাই যাচ্ছে, **# 1**-এর উত্তর: **FALSE**।

এই উত্তর বের করতে আমার লেগেছে মাত্র ১১ সেকেন্ড্ !

## Step # 5

**Q # 2** মন দিয়ে পড়লাম:

*The study done by Liu and his colleagues compared different groups of polar bears.* (*Liu* এবং তার সহকর্মীদের দ্বারা সম্পাদিত গবেষণাটি মেরু অঞ্চলের ভল্লুকদের বিভিন্ন দলের মধ্যে তুলনা করেছিলো।)

## Step # 6

প্রশ্নে একটি নাম দেয়া আছে: *Liu*। Passage-এ ফেরত যেয়ে 2nd para-র শুরুতেই নামটা পেলাম। তাহলে 2nd para-র শুরু থেকে মন দিয়ে পড়া যাক:

মিস্ট্রি = রহস্য

*A 2014 study by Shi Ping Liu and colleagues sheds light on this mystery.* (অর্থাৎ, *Shi Ping Liu* এবং তার সহকর্মীরা এই *mystery* তথা রহস্যের উপর আলোকপাত করেন, মানে, কেন ভল্লুকের দেহে এত চর্বি থাকা সত্ত্বেও তারা ডায়াবেটিস ও *heart disease*-এর মতো বিভিন্ন স্বাস্থ্য সমস্যায় আক্রান্ত হয় না, এই বিষয়টির উপর গবেষকরা তাদের দৃষ্টি নিবদ্ধ করেন।)

Recent Bazar

পরের বাক্যটাও মন দিয়ে পড়লাম: *They compared the genetic structure of polar bears with that of their closest relatives from a warmer climate, the brown bears.* (অর্থাৎ, তারা মেরু ভল্লুকদের জেনেটিক কাঠামোকে উষ্ণতর একটি জলবায়ুর এলাকায় বসবাসকারী তাদের নিকটতম আত্মীয় বাদামী ভল্লুকদের জেনেটিক কাঠামোর সঙ্গে তুলনা করেছিলেন। কিন্তু প্রশ্নে বলা হয়েছে যে, *Liu* ও তার সহকর্মীরা তাদের গবেষণায় মেরু ভালুকদেরই বিভিন্ন দলের মধ্যে তুলনা করেছিলেন। কাজেই প্রশ্নের কথাটা ভুল।

তার মানে, **2**-এর উত্তর: **FALSE**।

'*that*' বলতে বুঝাচ্ছে ঐ বাক্যেরই *genetic structure*-কে।

**Step # 7**

পরের দুটো প্রশ্ন এবার মন দিয়ে পড়া যাক:

**3.** *Liu and colleagues were the first researchers to compare polar bears and brown bears genetically.* (*Liu* ও তার সহকর্মীরা ছিলেন প্রথম গবেষক যারা জিনগত দিক দিয়ে মেরু অঞ্চলের ভল্লুক ও বাদামী ভল্লুকদের মধ্যে তুলনা করেছিলেন।)

জেনেটিক্ = জিন সম্পর্কিত

**4.** *Polar bears are able to control their levels of 'bad' cholesterol by genetic means.* (মেরু অঞ্চলের ভল্লুকরা সক্ষম নিয়ন্ত্রণ করতে তাদের 'খারাপ' *cholesterol* তথা চর্বিকে জেনেটিক উপায়ে।)

**শব্দের অর্থ**

***gene*** (জীন্) = প্রাণী ও উদ্ভিদকোষের কেন্দ্রে অবস্থিত ক্রোমোজোমের অন্তর্গত উপাদান যা জীবদেহের শারীরিক বিকাশ ও তার আচরণগত বৈশিষ্ট্যকে নিয়ন্ত্রণ করে।

**Step # 8**

দ্যাট্ = যেগুলো

# **2**-এর উত্তরের জন্য যতটুকু পড়া হয়েছে, দ্রুত Passage-এ যেয়ে তার পর থেকে মন দিয়ে পড়লাম:

*This allowed them to determine the genes that have allowed polar bears to survive in one of the toughest environments on Earth.* (অর্থাৎ, এটা, মানে, উষ্ণ জলবায়ুর বাদামী ভল্লুকদের জেনেটিক কাঠামোর সঙ্গে মেরু অঞ্চলের ভল্লুকের জেনেটিক কাঠামোর তুলনা করাটা তাদের, মানে, গবেষকদের জন্য সহজ করে দিয়েছিলো ঐ *gene*-গুলোকে শনাক্ত করতে যেগুলো মেরু অঞ্চলের ভল্লুকদের জন্য পৃথিবীর সবচেয়ে কঠিনতম পরিবেশগুলোর একটিতে *survive* তথা টিকে থাকাটা সম্ভব করেছে।)

পরের বাক্যটাও মন দিয়ে পড়লাম:

*Liu and his colleagues found the polar bears had a gene known as APoB, which reduces levels of low-density lipoproteins (LDLs) – a form of 'bad' cholesterol.* [অর্থাৎ, *Liu* ও তার সহকর্মীরা দেখেছিলেন মেরু অঞ্চলের ভল্লুকদের *APoB* নামে পরিচিত একটি *gene* ছিলো যেটা কমিয়ে দেয় কম ঘনত্বের *lipoproteins (LDLs)*-এর মাত্রাকে–(যেটা) 'খারাপ' চর্বির একটা রূপ।] *In humans, mutations of this gene are associated with increased risk of heart disease.* (মানুষের মধ্যে এই জিনের *mutations* তথা রূপান্তরের সঙ্গে হৃদরোগের ক্রমবর্ধমান ঝুঁকির বিষয়টি সম্পর্কিত রয়েছে।)

Recent Bazar

তার মানে, যেখানে মানুষের দেহে *APoB* নামে পরিচিত জিনটির *mutations* ঘটে যার ফলে *heart disease* তথা হৃদরোগের ঝুঁকি বেড়ে যায়, সেখানে মেরু অঞ্চলের ভল্লুকের দেহে এই *gene*-টির কোনো *mutations* তথা রূপান্তর ঘটে না, মানে জিনটির জেনেটিক কাঠামো পরিবর্তিত হয়ে সেটি নতুন কোনো রূপ ধারণ করতে পারে না, যার ফলে ভল্লুকের রক্তে ক্ষতিকর চর্বি কমানোর ব্যাপারে *gene*-টির কার্যকারিতা বজায় থাকে। আর এই কারণেই মেরু অঞ্চলের ভল্লুকরা তাদের দেহে 'খারাপ' *cholesterol* তথা চর্বিকে নিয়ন্ত্রণে রাখতে সক্ষম হয়।

তাহলে এখানে আমরা **4**-এর উত্তর পেয়ে গেলাম: **TRUE**।

**Q # 3**-এর উত্তর নিশ্চয়ই এর উপরে থাকবে। কিন্তু উপরের লাইনগুলোতে *Liu* ও তার সহকর্মীরা প্রথম গবেষক ছিলেন কিনা যারা জিনগত দিক দিয়ে মেরু অঞ্চলের ভল্লুক ও বাদামী ভল্লুকদের মধ্যে তুলনা করেছিলেন, সে বিষয়ে কিছু বলা হয় নি। তার মানে, **# 3**-এর উত্তর হবে: **NOT GIVEN**।

## Step # 9

এবার পরের প্রশ্নটা পড়া যাক:

**5.** *Female polar bears are able to survive for about six months without food.*

(মেরু অঞ্চলের স্ত্রী ভল্লুকরা কোনো খাবার ছাড়াই প্রায় ছয় মাস ধরে বেঁচে থাকতে সক্ষম হয়।)

সমার্থক

## Step # 10

Passage-এ ফিরে গিয়ে যে পর্যন্ত পড়া হয়েছে, তার পর থেকে দ্রুত চোখ বুলিয়ে যেখানে *female polar bear*-দের বিষয়ে বলা হয়েছে সেখানে খুঁজবো। দ্রুত চোখ বুলিয়ে পরের প্যারা মানে, 3rd para-র ঠিক মাঝামাঝি জায়গায় *Female polar bears* শব্দগুলো পেলাম। সেখান থেকে ২/৩ লাইন মন দিয়ে পড়লাম:

*Female polar bears, however, undergo extreme conditions during every pregnancy. Once autumn comes around, these females will dig maternity dens in the snow and will remain there throughout the winter, both before and after the birth of their cubs.* [অর্থাৎ, যাহোক, মেরু অঞ্চলের স্ত্রী ভল্লুকরা প্রতিটি গর্ভধারণের সময় চরম প্রতিকূল অবস্থার ভিতর দিয়ে যায়। যখন *autumn* অর্থাৎ, শরৎকাল আসে, তখন এই স্ত্রী ভল্লুকগুলো বরফের মধ্যে *maternity* মানে প্রসূতিকালীন *dens* তথা গর্ত বা গুহা খুঁড়বে এবং পুরো শীতকাল জুড়ে সেখানেই অবস্থান করবে তাদের বাচ্চার জন্মের আগে এবং পরে উভয় সময়টাতেই।]

পরের বাক্যটাও মন দিয়ে পড়লাম: ডিপ্লিট্ = শেষ করা

ফাস্টিঙ্ = অনাহারে বা অভুক্ত থাকার অবস্থা

*This process results in about six months of fasting, where the female bears have to keep themselves and their cubs alive depleting their own calcium and calorie reserves.* (অর্থাৎ, এই প্রক্রিয়ায় প্রায় ছয় মাসের *fasting* তথা অনাহারে থাকার একটা পরিস্থিতির সৃষ্টি হয় যেখানে স্ত্রী ভল্লুকদের তাদের নিজেদেরকে এবং তাদের বাচ্চাদেরকে জীবিত রাখতে হয় তাদের নিজেদের ক্যালসিয়াম ও ক্যালরির যে *reserves* তথা সঞ্চিত ভান্ডার রয়েছে সেটাকে শূন্য বা খালি করে ফেলে, মানে সেটা থেকে ব্যবহার করে।)

উপরের লাইনগুলো থেকে পরিষ্কার বোঝাই যাচ্ছে যে, **# 5**-এর উত্তর: **TRUE**।

Recent Bazar